খবর সোজাসুজি

প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, ট্যুইটার এবং ইন্সটাগ্রাম।

Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

# KHABOR SOJASUJI
# খবর সোজাসুজি

RNI NO.WBBEN/2023/87806 (Govt. Of India)

EDITOR - ISRAIL MALLICK

প্রতি ইংরেজি মাসের ১৫ ও ৩০ তারিখ প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র

খবর সোজাসুজি

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন ৯৪৩৪৫৬৬৪৯৮
www.khaborsojasuji.com

Vol-2 ● Issue- 23 ● Bardhaman ● 15 May 2025 ● Rs. 2.00 ( Four Pages ) ● Mobile - 9434566498

## এক নজরে

● ২ ফেব্রুয়ারি থেকে শুরু হবে ২০২৬ সালের মাধ্যমিক পরীক্ষা, চলবে ১২ ফেব্রুয়ারি পর্যন্ত।

● "বলা হচ্ছে নাকি আমি নিম গাছও চুরি করেছি। আরে আমার বাড়িতেও চারটে নিম গাছ আছে। কটা দরকার জিজ্ঞেস করুন। আমাদের চুরি করতে হয় না," তীব্র কটাক্ষ করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

● চাকরি বাতিল কান্ডে সুপ্রীম কোর্টে রিভিউ পিটিশন দাখিল করল রাজ্য সরকার ও এসএসসি। প্রায় ২৬ হাজার চাকরি বাতিলের রায় পুনর্বিবেচনার আর্জি।

● মুর্শিদাবাদে অশান্তির ঘটনায় রাজ্যে রাষ্ট্রপতি শাসনের সুপারিশ করল রাজ্যপাল !

● খবর সোজাসুজি পত্রিকার উত্তর সম্পাদকীয় বিভাগের জন্য আপনার লেখা অপ্রকাশিত প্রবন্ধ,নিবন্ধ পাঠাতে পারেন। বিবেচিত হলে অবশ্যই প্রকাশ করা হবে। হোয়াইট অ্যাপ নং - ৯৪৩৪৫৬৬৪৯৮

● পাকিস্তানের পতাকা লাগিয়ে এলাকায় অশান্তি পাকানোর ছক ! বনগাঁয় গ্রেফতার সনাতনী একতা মঞ্চের সদস্য চন্দন মালাকার ও প্রঞ্জজিত মন্ডল।তারা দেওয়ালে 'হিন্দুস্থান মূর্দাবাদ,পাকিস্তান জিন্দাবাদ' লিখে এলাকায় সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্টের ছক কষে ছিল বলে অভিযোগ।ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত শুরু করেছে পুলিশ।

● সতর্ক থাকুন। সর্বদাই সজাগ ও সচেতন থাকুন।কোনো রকম প্ররোচনায় কেউ পা দেবেন না।শান্ত বাংলাকে অশান্ত করতে সক্রিয় বিভেদকামী শক্তি। নজর রাখুন। এলাকায় সন্দেহজনক কোনো কিছু দেখলে স্থানীয় পুলিশ প্রশাসনকে জানান। গুজব ছড়াবেন না,গুজবে কান দেবেন না। সত্যতা যাচাই না করে সোস্যাল মিডিয়ায় কোনো কিছু শেয়ার করবেন না,অনুরোধ।

● জল জীবন মিশন প্রকল্পের পাইপ লাইন বসানোকে কেন্দ্র করে রবিবার দুই প্রতিবেশীদের মধ্যে ব্যাপক মারপিট। আহত প্রায় ১২ জন। জামালপুরের শ্রীমানপুর গ্রামের ঘটনা।প্রবল চাঞ্চল্য এলাকায়।

● আন্তর্জাতিক মহলে নিজেদের সপক্ষে যতই সাফাই দিক না কেন, তাদের কাজের মধ্য দিয়ে পাকিস্তান আবারও বুঝিয়ে দিল তারাই হচ্ছে জঙ্গীদের আসল মদতদাতা ও আশ্রয়দাতা। নিজেদের পায়ে তো এখনও সোজা হয়ে দাঁড়াতে পারে না,তারা কিনা আবার হুঙ্কার দিচ্ছে ভারতকে দেখে নেবার,ভাবা যায় !

(এরপর চারের পাতায়)

## পাট্টা প্রাপকদের তুমুল বিক্ষোভ হুগলির দাদপুরে! হাইকোর্টের অর্ডারে পজিশন দিতে গিয়ে আবারও পিছু হটল পুলিশ প্রশাসন !

নিজস্ব সংবাদদাতা - ধনেখালি বিধানসভার দাদপুর থানার বাবনানের মূলগ্রাম এলাকায় হাইকোর্টের অর্ডারে পাট্টা খারিজ হয়ে যায় বলে জানা গেছে। অভিযোগ,বাম আমলে দেওয়া পাট্টা বাম আমলেই খারিজ হয়ে



জমির পজিশন দিতে গিয়ে পাট্টাদারদের বিক্ষোভের জেরে গত শনিবার আবারও পিছু হটল পুলিশ প্রশাসন। স্থানীয় সূত্রে জানা গেছে,১৯৯৪ সালে প্রায় ২৫ বিঘে জমির পাট্টা পেয়েছিল তফশিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের ১৭৭ জন গরিব মানুষ। কিন্তু ২০০২ সালে সেই গেলেও এতদিন পজিশনে আসতে পারেন নি জমির মালিক,পূর্বতন পাট্টা প্রাপকদের দখলেই আছে সেই জমি। কোর্টের অর্ডার নিয়ে সেই জমি দখল নিতে গিয়েই বিপত্তি।এর আগেও জমির পজিশন নিতে গিয়ে

(এরপর তিনের পাতায়)

## সেহারাবাজারে এসডিপিও বর্ধমান সদর সাউথের নতুন অফিসের শুভ উদ্বোধন করলেন পূর্ব বর্ধমানের পুলিশ সুপার সায়ক দাস

নিজস্ব প্রতিবেদন - দক্ষিণ দামোদর এলাকার সেহারাবাজারে সোমবার বর্ধমান সদর সাউথ মহকুমা পুলিশ আধিকারিকের নতুন কার্যালয়ের শুভ উদ্বোধন করলেন পূর্ব বর্ধমান জেলার পুলিশ সুপার সায়ক দাস। উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার(হেডকোয়ার্টার) অর্ক ব্যানার্জি, এসডিপিও সদর সাউথ অভিষেক মন্ডল সহ মহকুমার বিভিন্ন থানার অফিসার-ইন-চার্জ ও সার্কেল ইন্সপেক্টরগণ।প্রসঙ্গত উল্লেখ্য,পূর্বে বর্ধমান সদর সাউথ মহকুমা পুলিশ আধিকারিকের এই কার্যালয়টি বর্ধমান শহরের পুলিশ লাইন এলাকার। পাশে অবস্থিত ছিল,যা মহকুমার বাইরে ছিল। বর্তমানে এটি



স্থানান্তরিত হয়ে মহকুমার অন্তর্গত দক্ষিণ দামোদর এলাকার সেহারাবাজারে স্থাপন করা হল। নতুন এই কার্যালয়টি মহকুমার অভ্যন্তরে স্থানান্তরিত হওয়ায় সাধারণ জনগণের সঙ্গে আরও কার্যকর ও দ্রুত যোগাযোগ স্থাপন করা সম্ভব হবে বলে জেলা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে।



হুগলি গ্রামীন পুলিশের গুড়াপ থানার পক্ষ থেকে এই প্রচন্ড গরমে ট্রাফিকে ডিউটিরত টিএইচজিদের হাতে মঙ্গলবার তুলে দেওয়া হল ছাতা,জলের বোতল, ওআরএস, তোয়ালে এবং ইউভি সুরক্ষিত রোদচশা।উপস্থিত ছিলেন ধনেখালির বিধায়ক অসীমা পাত্র,ডিএসপি ডি এন্ড টি প্রিয়ব্রত বক্সী,গুড়াপ থানার ওসি কৌশিক দত্ত সহ অন্যান্য পুলিশ আধিকারিকবৃন্দ।

## জামালপুর ব্লকের মাধ্যমিকে সেরা ছাত্র ছাত্রীদের বাড়িতে গিয়ে সম্বর্ধনা দিল জামালপুর ব্লক তৃণমূল কংগ্রেস নেতৃত্ব

নিজস্ব সংবাদদাতা - জামালপুর ব্লকে মাধ্যমিক পরীক্ষায় প্রথম হয়েছে জামালপুর গার্লস হাই স্কুলের ছাত্রী সায়াদ মিসাবুল হক,অরিত্র দত্ত পেয়েছে যথাক্রমে ৬৪৭ ও ৬৪৫।শিপতাই মহুলা সতীরঞ্জন বিদ্যামন্দিরের ছাত্র




আফরিন হাসান শেখ। সে পেয়েছে ৬৮১ নাম্বার। ৬৬৮ পেয়ে ব্লকে দ্বিতীয় হয়েছে জামালপুর হাই স্কুলের ছাত্র সাহিত্য গুহ। জামালপুর গার্লস হাই স্কুলের আর এক ছাত্রী সোহানা পারভিন পেয়েছে ৬৬৪। আঝাপুর বালিকা বিদ্যালয়ের সিদ্দিকা সুলতানা পেয়েছে ৬৫৫,জৌগ্রাম হাই স্কুলের ছাত্রী তৃষা ঘোষ পেয়েছে ৬৫২, জামালপুর হাই স্কুলের অপর দুই ছাত্র কৌস্তুভ দাস পেয়েছে ৬৪৩,গুড়েঘর হাইস্কুলের ছাত্রী শ্রেষ্ঠা সিংহরায় পেয়েছে ৬৪৫,জোতশ্রীরাম হাই স্কুলের ছাত্র আর্নিত ব্যানার্জী পেয়েছে ৬৪১। ৬০০ এর উপরে পেয়েছে ব্লকের বিভিন্ন স্কুলের অনেক ছাত্র ছাত্রী। নাম্বারের ভিত্তিতে ছাত্রদের মধ্যে প্রথম চারজন ও ছাত্রীদের মধ্যে প্রথম চারজনকে জামালপুর ব্লক

(এরপর তিনের পাতায়)

## উচ্চস্বরে ডিজে বক্স বাজানোর অভিযোগে ডিজে বক্স সহ ৭ জনকে গ্রেফতার করল চন্ডীতলা থানার পুলিশ

নিজস্ব সংবাদদাতা -সাধারণ মানুষকে স্বস্তি দিতে ডিজে বক্সের বিরুদ্ধে কড়া পদক্ষেপ গ্রহণ করল হুগলি গ্রামীন পুলিশের চন্ডীতলা থানার পুলিশ।স্থানীয় সূত্রে জানা গেছে, চন্ডীতলা থানার অন্তর্গত জঙ্গলপাড়া খানপাড়া এলাকায় রক্ষাকালী পুজো উপলক্ষ্যে মঙ্গলবার রাতে উচ্চ শব্দে ডিজে বক্স বাজানোকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায়। অভিযোগ পেয়ে চন্ডীতলা থানার পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে ডিজে সাউন্ড সিস্টেম বন্ধ করার জন্য বার বার অনুরোধ করে।কিন্তু তাতে কোনো



কান দেন না স্থানীয় মানুষেরা।উল্টে পুলিশের ওপর চড়াও হয়। এই খবর পাওয়া মাত্রই চন্ডীতলা থানার ওসি অনিল রাজের নেতৃত্বে ঘটনাস্থলে পৌঁছায় বিশাল পুলিশ বাহিনী এবং বেশ কয়েকটি মিউজিক মেশিন সহ ডিজে বক্স বাজেয়াপ্ত করে।পুলিশ

(এরপর তিনের পাতায়)




যুদ্ধ উন্মাদনা এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে এবং সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার্থে শান্তি-সম্প্রীতির বার্তা নিয়ে কলকাতার রাজপথে বামেরা।

খবর সোজাসুজি

Volume-2 ● Issue- 23 ● 15 May, 2025

## চাকরি বাতিলে ভাতা !

নিয়োগ দুর্নীতি মামলায় চাকরি হারানো শিক্ষাকর্মীদের জন্য এবার ভাতার ব্যবস্থা করল রাজ্য সরকার। দুর্নীতির কারণে যাদের চাকরি বাতিল করে দিয়েছে দেশের সর্বোচ্চ আদালত,তাদের সুবিধা পাইয়ে দিতে জনগণের করের টাকায় ভাতার ব্যবস্থা করছে রাজ্য সরকার,ভাবা যায় ! যাদের স্কুলে যেতে নিষেধ করেছে সুপ্রীম কোর্ট তারা এখন ঘরে বসে বসেই বেতনের মতো মাসে মাসে পাবেন ভাতা। গ্রুপ সি কর্মীদের জন্য মাসে ২৫ হাজার টাকা এবং গ্রুপ ডি কর্মীদের জন্য মাসে ২০ হাজার টাকা বরাদ্দ করেছে রাজ্য সরকার। নিয়োগ দুর্নীতি মামলায় চাকরি হারানো ২৬ হাজারের মধ্যে শিক্ষাকর্মী আছে প্রায় ৭ হাজার। এই ৭ হাজার চাকরি হারানো শিক্ষাকর্মীকে রাজ্য কোষাগার থেকে মাসে মাসে দেওয়া হবে ভাতা। অবৈধভাবে চাকরি পাওয়ার কারণে তাদের চাকরি বাতিল করেছে সুপ্রীম কোর্ট।আর তাদেরই কিনা মাসে মাসে ভাতা দেবার ব্যবস্থা ! কোর্টের মতে বেশি দুর্নীতি হয়েছে শিক্ষাকর্মী নিয়োগে। টাকা নিয়ে মুড়ি মুড়কির মতো চাকরি বিক্রি করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। এতটাই দুর্নীতি হয়েছে যে যোগ্য অযোগ্য বাছাই করা সম্ভব হয়নি। তাই তো সুপ্রীম কোর্ট তাদের চাকরি বাতিল করেছে। আর তাদেরই কিনা সুবিধা পাইয়ে দিতে মরিয়া রাজ্য সরকার ! নিয়োগ দুর্নীতি মামলায় সুপ্রীম কোর্টের রায়ে যে সব শিক্ষাকর্মীর চাকরি বাতিল হয়েছে তাদের প্রতি রাজ্য সরকারের এত দরদ কেন ? দুর্নীতি ইস্যুতে চাকরিহারা শিক্ষাকর্মীদের জনগণের করের টাকায় এভাবে কি মাসে মাসে ২০/২৫ হাজার টাকা করে ভাতা দেওয়া যায় ? ২০১৬ সালের পুরো প্যানেল যখন বাতিল হয়ে গেছে তখন তো সেই প্যানেল থেকে আলাদা করে কাউকে সরকারি সুবিধা পাইয়ে দেওয়া যায় না। আর যদি এরকম করা হয় তাহলে তো প্রশ্ন ওঠাই স্বাভাবিক, পরীক্ষায় বসা ২২ লক্ষ পরীক্ষার্থী সেই সুবিধা পাবে না কেন ? প্যানেল বাতিলের পর সেই প্যানেল থেকে কাউকে যদি সরকারি সুবিধা পাইয়ে দেওয়া হয় তাহলে তো আবারও আদালত অবমাননার মামলা হতে পারে। এটা তো দুর্নীতিকে প্রশ্রয় দেওয়ারই নামান্তর। রাজ্য সরকার আসলে চাইছে টা কী ?

## লেখা আহ্বান

**খবর সোজাসুজি'র** শারদীয় উৎসব সংখ্যা ২০২৫ এর জন্য লেখা আহবান করা হচ্ছে। আগ্রহী ব্যক্তিরা লেখা পাঠাবেন হোয়াটস অ্যাপে(৯৪৩৪৫৬৬৪৯৮)টাইপ করে ৩১ মে'র মধ্যে। লেখা বিবেচিত হলে অবশ্যই প্রকাশিত হবে। সৌজন্য সংখ্যা দেওয়া হবে ইবুক/পিডিএফ আকারে। লেখা নির্বাচিত হলে সূচিপত্রে জানানো হবে। নির্বাচিত লেখক সূচি যথাসময়ে খবর সোজাসুজি ফেসবুক পেজে প্রকাশ করা হবে। ইচ্ছুক ব্যক্তিরা পাঠাতে পারেন ছোট গল্প,কবিতা,রম্য রচনা, অনুগল্প,ভ্রমণ কাহিনী,প্রবন্ধ এবং মুক্ত গদ্য ।লেখার উপরে অবশ্যই ক্যাটাগরি উল্লেখ করবেন। লেখা হতে হবে অবশ্যই মৌলিক ও অপ্রকাশিত। একজন লেখক/লেখিকা কেবল একটাই লেখা পাঠাবেন। আর লেখার সঙ্গে নিজের পুরো নাম ঠিকানা সহ ৩০ টি শব্দের মধ্যে আপনার নিজের সম্পর্কে অবশ্যই লিখে পাঠাবেন।

**লেখা পাঠানোর রূপরেখা - কবিতা : ২৪ লাইনের মধ্যে, প্রবন্ধ : ১৫০০ শব্দের মধ্যে, ভ্রমণ কাহিনী: ১৫০০ শব্দের মধ্যে, ছোটগল্প : ১০০০ শব্দের মধ্যে, অণুগল্প : ৩০০ শব্দের মধ্যে, মুক্তগদ্য : ৩০০ শব্দের মধ্যে,রম্য রচনা : ৪০০ শব্দের মধ্যে।**

**লেখা পাঠানোর শেষ তারিখ : ৩১ মে, ২০২৫**

**সূচিপত্র প্রকাশের সম্ভাব্য তারিখ - ৩১ জুলাই,২০২৫**

লেখা পাঠাবেন : হোয়াটস অ্যাপে টাইপ করে,খবর সোজাসুজি'র অফিসিয়াল **হোয়াটস অ্যাপ নম্বরে - ৯৪৩৪৫৬৬৪৯৮**

ইসরাইল মল্লিক,সম্পাদক, খবর সোজাসুজি

## বিনম্র আবেদন

সময়টা বড় অস্থির। সর্বত্রই যেন একটা গেল গেল রব। রাজনীতি আর ধর্ম মিলে মিশে একাকার। ধর্মীয় মেরুকরণের রাজনীতি প্রবলভাবে মাথা চাড়া দিচ্ছে। ধর্মের সুড়সুড়ি দিয়ে সাম্প্রদায়িকতার বিষ বাষ্প ছড়িয়ে রাজ্যে যারা অস্থিরতা তৈরির চেষ্টা করছে তাদের থেকে সতর্ক থাকুন। কোনো প্ররোচনায় কেউ পা দেবেন না। কোনো বিষয়ে প্রতিবাদ আন্দোলন করতেই পারেন,কিন্তু হিংসাত্মক আন্দোলন কখনোই সমর্থন যোগ্য নয়। যারা হিংসার আশ্রয় নিয়ে শান্ত বাংলাকে অশান্ত করার চেষ্টা করছে তাদের চিহ্নিত করে অবিলম্বে প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ করা উচিত। সর্বদাই মনে রাখবেন, প্রকৃত ধার্মিক ব্যক্তি কখনো অন্য ধর্মকে অশ্রদ্ধা করে না। আর ধর্মের নামে যারা দাঙ্গা বাধায় তারা কখনো প্রকৃত ধার্মিক হতে পারে না। কারণ, দাঙ্গাবাজদের কোনো জাত, ধর্ম হয় না। সর্বদা সচেতন ও সজাগ থাকুন। শান্তি শৃঙ্খলা বজায় রাখুন। কোনো রকম প্ররোচনায় কেউ পা দেবেন না। গুজবে কান দেবেন না। গুজব ছড়াবেন না। সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখুন। সত্যতা যাচাই না করে সোস্যাল মিডিয়ায় কোনো কিছু শেয়ার করবেন না,অনুরোধ।

**ইসরাইল মল্লিক, সম্পাদক , খবর সোজাসুজি**

# আবারও মানবিকতার দৃষ্টান্ত স্থাপন করলো হুগলি গ্রামীন পুলিশের অন্তর্গত চন্ডীতলা থানার পুলিশ



নিজস্ব সংবাদদাতা - আবারও মানবিকতার দৃষ্টান্ত স্থাপন করলো হুগলি গ্রামীন পুলিশের অন্তর্গত চন্ডীতলা থানার পুলিশ। হুগলি গ্রামীণ জেলা পুলিশের চন্ডিতলা থানার অধীনস্ত আদান গ্রামের ছোট্ট মেয়ে সায়নী চক্রবর্তী (১২)ছোটবেলায় তার মাকে হারিয়েছে এবং মাস খানেক আগে তার বাবাও পরলোক গমন করেছেন।কিন্তু ছোট্ট সায়নী থেমে থাকেনি।সে তার অদম্য জেদ এবং প্রতিভাবলে জাতীয় ক্রীড়া মঞ্চে হুগলি জেলা তথা বাংলার মুখ উজ্জ্বল করে চলেছে।ছোটবেলা থেকেই ফুটবল খেলার প্রতি তার আগ্রহ ও প্রতিভা অবাধ।কিন্তু পিতা-মাতাহীন সেই অবাধ প্রতিভার পথে আজ অন্তরায় হয়ে দাঁড়িয়েছে দারিদ্রতা।দারিদ্রতার অন্ধকারে সায়নী যাতে হারিয়ে না যায় সেজন্য তার পাশে এসে দাঁড়িয়েছে হুগলি গ্রামীণ জেলা পুলিশের অন্তর্গত চন্ডীতলা থানার পুলিশ।শুধু সায়নীই নয়, তার দাদা সায়ন চক্রবর্তীও (১৪) মেধাবী এবং প্রতিভাশালী খেলোয়াড়।সায়ন ও সায়নী যাতে তাদের স্বপ্ন পূরণ করতে পারে এবং রাজ্য তথা দেশের নাম আন্তর্জাতিক মঞ্চে উজ্জ্বল করতে পারে সেই উদ্দেশ্যে তাদের পাশে এসে দাঁড়িয়েছে চণ্ডীতলা থানার পুলিশ।চণ্ডীতলা থানার পক্ষ থেকে সোমবার তাদের হাতে তুলে দেওয়া হল স্বাস্থ্যকর খাবার ও ক্রীড়া সামগ্রী এবং সায়ন ও সায়নী - এই দুই ভাইবোনের পড়াশোনার দায়িত্বও সম্পূর্ণরূপে নিজেদের কাঁধে তুলে নিল চন্ডীতলা থানার পুলিশ।উপস্থিত ছিলেন এসডিপিও চন্ডীতলা তমাল সরকার,চন্ডীতলা থানার ভারপ্রাপ্ত আধিকারিক অনিল রাজ সহ অন্যান্য পুলিশ আধিকারিকগণ।হুগলি গ্রামীণ জেলা পুলিশের এই উদ্যোগে যারপরনাই খুশি সায়ন-সায়নী এবং এলাকার মানুষজন।

## ভয়াবহ অগ্নিকান্ডে ভস্মীভূত খানপুরের বোস ট্রেডার্স !

নিজস্ব সংবাদদাতা - ভয়াবহ অগ্নিকান্ডে ভস্মীভূত খানপুরের বোস ট্রেডার্স ! গত বৃহস্পতিবার ১ মে গভীর রাতে পুড়ে ছাই হয়ে গেল হুগলির ধনেখালি ব্লকের গুড়াপ থানার অন্তর্গত খানপুরের বোস ট্রেডার্স নামে একটি বিস্কুট ও চানাচুরের দোকান।দোকানের মালিক অশোক বোস জানান, তিনি ব্রিটানিয়া বিস্কুট কোম্পানির পাইকারি বিক্রেতা।আনুমানিক আড়াই লক্ষ টাকার বিস্কুট ও চানাচুর পুড়ে ছাই হয়ে গেছে বলে জানান তিনি।ঘটনার খবর পাওয়া মাত্রই ঘটনাস্থলে উপস্থিত হন গুড়াপ থানার ওসি সহ অন্যান্য পুলিশ আধিকারিকবৃন্দ।সিভিক ভলেন্টিয়ার ও পুলিশ কর্মীরা আগুন নেভানোর কাজে হাত লাগান।খবর দেওয়া হয় ফায়ার ব্রিগেডেকে।ফায়ার ব্রিগেডের কর্মীদের ঘন্টা খানেকের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে বলে জানা গেছে।শর্ট সার্কিটের ফলেই আগুন লাগে বলে পুলিশের প্রাথমিক অনুমান।



উচ্চ মাধ্যমিক পরীক্ষায় রাজ্যে প্রথম বর্ধমান সিএমএস হাইস্কুলের ছাত্র রূপায়ন পাল, প্রাপ্ত নম্বর ৪৯৭।



জামালপুর ব্লক ও পঞ্চায়েত সমিতির উদ্যোগে যথাযথ মর্যাদা ও শ্রদ্ধার সঙ্গে পালন করা হল কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিন। উপস্থিত ছিলেন জামালপুর পঞ্চায়েত সমিতির সভাপতি পূর্ণিমা মালিক,সহ সভাপতি ভূতনাথ মালিক, পূর্ত কর্মাধ্যক্ষ মেহেমুদ খাঁন, বিডিও পার্থ সারথি দে, বিধায়ক অলোক কুমার মাঝি সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।




আদ্যপ্রান্ত মোহনবাগান সমর্থক সত্য নন্দির বাড়ির গৃহ প্রবেশ উপলক্ষ্যে রবিবার পূর্ব বর্ধমান জেলার জামালপুর থানার জৌগ্রামের দোগাছিয়ায় হাজির দেবাশীষ দত্ত,মানস ভাট্টাচার্য,সত্যজিৎ চ্যাটার্জি, সোহিনী মিত্র সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।ফিতে কেটে উদ্বোধন করলেন মোহনবাগান সচিব দেবাশীষ দত্ত,উন্মোচিত হলো অমর একাদশের প্রতিকৃতি।




হুগলি গ্রামীন পুলিশের উদ্যোগে আরামবাগ থানার পরিচালনায় সম্প্রতি আরামবাগ রবীন্দ্রভবনে রোড ট্রাফিক এক্সিডেন্টের সাথে সম্পর্কিত তাৎক্ষণিক কি কি করণীয় এবং কোনটি করনীয় নয় শীর্ষক একটি সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। হাওড়ার নারায়নী সুপার স্পেশালিটি হাসপাতালের ডাক্তার বাবুরা এই অধিবেশনটি পরিচালনা করেন। তারা মূলত পুলিশ কর্মীদের অচেতন বা আহত ব্যক্তিকে সিপিআর এবং প্রাথমিক চিকিৎসা প্রদানের বিষয়ে প্রশিক্ষণ দেন। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আরামবাগ মহকুমা পুলিশ আধিকারিক সুপ্রভাত চক্রবর্তী, আরামবাগ থানার ভারপ্রাপ্ত আধিকারিক রাকেশ সিং ও মহকুমার পাঁচটি থানা থেকে শতাধিক পুলিশ কর্মী।



জামালপুর,গুড়াপ ও ধনেখালি থানা এলাকার আমিনদের উদ্যোগে বালিডাঙা প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হল সদ্য প্রয়াত বিশিষ্ট আমিন শক্তিপদ দাসের স্মরণ সভা।উপস্থিত ছিলেন অমলেন্দু চক্রবর্তী,আলাল হুদা,আসগর আলি,হেমন্ত দে, দূর্গাপদ দাস,পাঁচু কোদালী,স্বপন দাস সহ অন্যান্য বিশিষ্ট আমিনগণ এবং প্রয়াত শক্তিপদ দাসের স্ত্রী রঞ্জনা দাস ও পুত্র মৃণাল দাস।



এক টেবিলে মমতা ব্যানার্জি ও দিলীপ ঘোষ ! মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির আমন্ত্রণে দীঘায় জগন্নাথ মন্দিরে সস্ত্রীক বিজেপি নেতা দিলীপ ঘোষ ! প্রবল অস্বস্তিতে বিজেপি। হতাশ বিজেপির সাধারণ কর্মী সমর্থকরা। শোরগোল রাজনৈতিক মহলে। নিছকই মন্দির দর্শন না ছাব্বিশের আগে অপেক্ষা করছে নতুন কোনো চমক ? দিলীপ ঘোষ কি তাহলে এবার তৃণমূলে যোগ দিতে চলেছেন ? জল্পনা তুঙ্গে।

## আইসিএসই পরীক্ষার ভারতবর্ষে প্রথমবার বাংলায় ১০০ তে ১০০ পেল শিলিগুড়ির কৃতী ছাত্রী ঐশানি চ্যাটার্জি

নিজস্ব সংবাদদাতা - সম্প্রতি আই সি এস ই পরীক্ষায় রেজাল্ট বেরিয়েছে। শিলিগুড়ির ঐশানী চ্যাটার্জি অভাবনীয় রেজাল্ট করেছে। গোটা ভারতে সে অষ্টম স্থান অধিকার করেছে। তবে উপর্যপুরি বিষয় হলো , গত দশ বছরের আই সি এস ই পরীক্ষার ইতিহাসে সেই হলো প্রথম এবং অনন্য যে বাংলায় ১০০ তে ১০০ পেয়েছে। স্বাভাবিকভাবেই এই সাফল্যের খুশি গোটা শহরবাসী। ইতিহাস ভূগোল , ইংরেজি সাহিত্যে সে ১০০ তে ১০০ পেয়েছে। তবে বাংলায় ১০০ তে ১০০ পাওয়া সব থেকে উল্লেখযোগ্য বিষয়। কারণ নির্মলা কনভেন্টের কৃতি ছাত্রী ঐশানির আগে এই সাফল্য কেউ পায়নি । এই প্রসঙ্গে তাকে জিজ্ঞাসা করা হলে সে জানায় তার এই কৃতিত্বের পিছনে সিংহ ভাগ তার মা অনিন্দিতা চ্যাটার্জির অবদান রয়েছে। ছোট থেকে বাংলার প্রতি ভালোবাসা নিজের মাতৃভাষার প্রতি ভালোবাসা, শুধু বাংলাকে সিলেবাস নয় বাংলার সাথে আত্মিক সম্পর্ক তার সফলতার চাবিকাঠি। ভবিষ্যতের কর্মকর্তা সম্বন্ধে কৃতি ছাত্রী জানিয়েছে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স রিসার্চ করতে চায় সে।

## অবৈধভাবে এলপিজি গ্যাস সিলিন্ডার বিক্রয় ও রিফলিংয়ের অভিযোগে ৬৮টি সিলেন্ডার সহ গ্রেফতার ১

নিজস্ব সংবাদদাতা - অবৈধভাবে এলপিজি গ্যাস সিলিন্ডার বিক্রয় ও রিফলিংয়ের বিরুদ্ধে হুগলি জেলা পুলিশের ডিস্ট্রিক্ট এনফোর্সমেন্ট ব্রাঞ্চ ও মগরা থানার যৌথ অভিযান।পুলিশ সূত্রে জানা গেছে,মগরা থানার এএসআই অমিয়কান্ত বর্মন তার বিশ্বস্ত সূত্রে খবর পায় মগরা থানার অন্তর্গত শঙ্খনগরে এক ব্যক্তি এলপিজি ডোমেস্টিক সিলেন্ডার অবৈধভাবে বিক্রয় ও রিফিলিং করছে। এরপর হুগলি গ্রামীণ পুলিশের ডিস্ট্রিক্ট এনফোর্সমেন্ট ব্রাঞ্চ এবং মগরা থানা যৌথভাবে অভিযান চালিয়ে বিভিন্ন কোম্পানির ৬৮ টি এলপিজি ডোমেস্টিক সিলেন্ডার এবং দুটি ডিজিটাল ওজন যন্ত্র



উদ্ধার করে ও বাজেয়াপ্ত করে।এই অবৈধ কারবারের সঙ্গে যুক্ত শঙ্খনগরের গৌর হরি দত্ত নামে এক ব্যক্তিকে গ্রেফতার করে পুলিশ।এই অভিযানে অংশ নেন এসআই গৌতম বিশ্বাস,এসআই দীনেশচন্দ্র দেন ও ডিস্ট্রিক্ট এনফোর্সমেন্ট ব্রাঞ্চের অন্যান্য কর্মী এবং মগরা থানার এসআই সুজন সরকার, এএসআই অমিয়কান্ত বর্মন এবং অন্যান্য কর্মী।

(প্রথম পাতার পর) **উচ্চস্বরে ডিজে বক্স বাজানোর অভিযোগে**

সূত্রে জানা গেছে,ঘটনাস্থল থেকে ৭ জনকে গ্রেফতার করা হয়েছে।চন্ডীতলা থানার পক্ষ থেকে জানানো হয়েছে, বিষয়টির তদন্ত চলছে এবং প্রয়োজনে আরও অভিযুক্তদের শনাক্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বারবার নিষেধাজ্ঞা সত্ত্বেও বিভিন্ন উৎসবে উচ্চ শব্দে ডিজে বক্স বাজানো এখন সাধারণ ঘটনা হয়ে দাঁড়িয়েছে।পুলিশ এবার কঠোর পদক্ষেপ নেওয়ায় স্থানীয় বাসিন্দারা স্বস্তি প্রকাশ করেছেন এবং তারা চন্ডীতলা থানার ওসি অনিল রাজ তথা হুগলী জেলা পুলিশকে ধন্যবাদ জানিয়েছেন।

## পরীক্ষায় খারাপ ফল ! বাড়ি থেকে পালিয়ে কারখানায় শ্রমিকের কাজে ব্যস্ত মেধাবী ছাত্র !

নিজস্ব সংবাদদাতা - নিট পরীক্ষার ফল প্রাকাশের দিনেই ফল খারাপের কারণে বাড়ি থেকে নিখোঁজ হয়ে ছিল পোলবা থানার উচাই গ্রামের মেধাবী ছাত্র সৌদীপ বাগ। প্রায় দশ মাসের মাথায় নিখোঁজ ছাত্রকে পূর্ব বর্ধমানের জামালপুর থেকে উদ্ধার করে পোলবা থানার পুলিশ।৩০ এপ্রিল বুধবার রাতেই মেধাবী ছাত্রকে জামালপুরের একটি কারখানা থেকে উদ্ধার করে।ওই কারখানায় শ্রমিকের কাজ করছিল সৌদীপ।বৃহস্পতিবার ১ মে আদালতের মাধ্যমে সৌদীপকে তার পরিবারের হাতে তুলে দেওয়া হয়।পরিবারের একমাত্র ছেলেকে ফিরে পেয়ে চোখের জল ধরে রাখতে পারেননি সৌদীপের বাবা সুজয় বাগ।তিনি বলেন,হুগলি গ্রামীণ ও পোলবা থানার পুলিশ আমাদের ছেলেকে উদ্ধার করে আমার পরিবারকে নতুন জীবন দিয়েছেন।পোলবার উচাই গ্রামের বাসিন্দা সুজয় ও দীপালী বাগের একমাত্র ছেলে সৌদীপ ২০২৪ সালের জুন মাসে নিট পরীক্ষা দিয়েছিল।পরীক্ষার ফল বেরোনোর দিনেই নিখোঁজ হয়ে যায় সৌদীপ।ছাত্রের বাবার অভিযোগের ভিত্তিতে পোলবা থানার পুলিশ তদন্ত শুরু করে। এ বিষয়ে গ্রামীণ পুলিশের এক আধিকারিক বলেন,ছাত্রটিকে জামালপুর থেকে উদ্ধার করা হয়েছে।সেখানে সে একটি কারখানার শ্রমিক হিসেবে কাজ করছিল।পুলিশ ছাত্র নিখোঁজের পর থেকেই গুরুত্ব দিয়ে তদন্ত করছিল।ভারতবর্ষের নানা রাজ্যে পুলিশের দল ছাত্রের সন্ধান করেছিল।(পুলিশ কুকুর)স্নিফার ডগ আনা হয়ে ছিল।পুলিশ সূত্রে জানা গেছে,গত বছর নিট পরীক্ষার রেজাল্ট বেরোনোর দিন সন্ধ্যাবেলায় বাড়ির পিছনের দরজা দিয়ে পালিয়ে যায় সৌদীপ।শেষ পর্যন্ত আজ পোলবা থানার বিশেষ তদন্তকারী দল সৌদীপকে উদ্ধার করে তার পরিবারের কাছে ফিরিয়ে দেয় ।

## জামালপুর ব্লকের মাধ্যমিকে

(প্রথম পাতার পর)

তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে বাড়িতে গিয়ে সম্বর্ধনা জানানো হয়। তাদের ভবিষ্যত জীবনের সাফল্য কামনা করতে তাদের বাড়িতে পৌঁছে যান বিধায়ক অলক কুমার মাঝি, জামালপুর ব্লক তৃণমূল সভাপতি মেহেমুদ খাঁন,শ্রমিক সংগঠনের সভাপতি তাবারক আলি মন্ডল,জেলার যুব সহ সভাপতি সাহাবুদ্দিন মন্ডল,মিঠু পাল সহ অন্যান্য নেতৃত্বরা।তাদের উত্তরীয় পরিয়ে হাতে সুন্দর একটি মোমেন্ট, ফুলের তোড়া ও মিষ্টির প্যাকেট তুলে দেওয়া হয়। বিধায়ক অলোক কুমার মাঝি বলেন, এরাই আমাদের দেশের আগামীর ভবিষ্যত।তাঁরা সকলে এদের আগামী দিনের বা ভবিষ্যত জীবনের সাফল্য কামনা করছেন। এরা সকলে দেশের ও দশের মুখ উজ্জ্বল করবে এই আশা রাখছেন।

## আমার পাঠশালার উদ্যোগে কবি প্রণাম

নিজস্ব সংবাদদাতা - কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের শুভ জন্মদিন উপলক্ষ্যে বর্ধমানের নবাবহাট সংলগ্ন তালপুকুরে আমার পাঠশালা প্রাঙ্গণে পালিত হল কবি প্রণাম অনুষ্ঠান,পুষ্টির দিশা কর্মসূচি এবং কৃতি ছাত্র সংবর্ধনা অনুষ্ঠান।অনুষ্ঠানে কবিগুরুর প্রতিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পনের মাধ্যমে বিশ্বকবির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।এছাড়াও দারিদ্র্যকে জয় করে ২০২৫ সালের মাধ্যমিকে ৬৬৮ নম্বর পেয়ে উল্লেখযোগ্য ভাবে সফল হওয়া বর্ধমানের আদর্শ বিদ্যালয়ের ছাত্র রামিজ রাজা-কে সংবর্ধনা প্রদান করা হয়।আমার পাঠশালার ৬০ জন শিশু এবং প্রবীনদের মধ্যে আম, কলা,খেজুর, শসা ও লাড্ডু সহযোগে পুষ্টিকর খাবার বিতরণ করা হয় পুষ্টির দিশা কর্মসূচির মাধ্যমে।আমার পাঠশালার সম্পাদক সন্দীপ পাঠক বলেন,কবিগুরুর জন্মদিনে আমার পাঠশালার পক্ষ থেকে তাঁকে আমরা বিনম্র চিত্তে শ্রদ্ধা জানাই, নত মস্তকে প্রণাম জানাই এবং সেই সঙ্গে দারিদ্র্যকে জয় করে এ বছরের মাধ্যমিক পরীক্ষায় উল্লেখযোগ্য সাফল্য অর্জনের জন্য রামিজ রাজা- কে আন্তরিক শুভেচ্ছা জানাই এবং তার উজ্জ্বল ভবিষ্যতের জন্য শুভকামনা জানাই।অনুষ্ঠানে বিশেষ অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ট বাচিক শিল্পী ও সঞ্চালক শ্যামাপ্রসাদ চৌধুরী এবং বিশিষ্ট কবি শেখ জাহাঙ্গীর।

## মাধ্যমিকে ৬৪৩ নম্বর পেয়ে সকলের নজর কাড়লো শিপতাই মহুলা সতীরঞ্জন বিদ্যামন্দিরের ছাত্র কৌস্তুভ দাস



নিজস্ব সংবাদদাতা ঃ মাধ্যমিকে ৬৪৩ নম্বর পেয়ে সকলের নজর কাড়লো শিপতাই মহুলা সতীরঞ্জন বিদ্যামন্দিরের ছাত্র কৌস্তুভ দাস। শিপতাইয়ে কৌস্তুভের বাড়িতে গিয়ে গত সোমবার তাকে সম্বর্ধনা দিল পাড়াতল ২ নং অঞ্চল তৃণমূল কংগ্রেস নেতৃত্ব। কৌস্তুভকে শুভেচ্ছা জানাতে এবং তার ভবিষ্যত জীবনের সাফল্য কামনা করতে সোমবার বিকেলে তার বাড়িতে হাজির হন পাড়াতল ২ নং গ্রাম পঞ্চায়েতের প্রধান মাবিয়া বেগম সেখ,পাড়াতল ২ নং অঞ্চল তৃণমূল কংগ্রেস সভাপতি আনোয়ার আলি,পঞ্চায়েত সদস্য শ্রীকান্ত জয়পাল ও সেখ রাজীব,স্থানীয় তৃণমূল কর্মী রবীন লোহার প্রমুখ।উত্তরীয় পরিয়ে কৌস্তুভের হাতে সুন্দর একটি মেমেন্টো,ফুলের তোড়া ও মিষ্টির প্যাকেট তুলে দেন তারা।

(প্রথম পাতার পর) **পাট্টা প্রাপকদের তুমুল বিক্ষোভ**

পাট্টাদারদের বিক্ষোভের জেরে দু'বার পুলিশ গিয়ে ফেরত এসেছে।৩ মে, শনিবার বিশাল পুলিশ বাহিনী সঙ্গে নিয়ে মূল মালিককে জমির পজিশন ফিরিয়ে দিতে বাবনানের মূলগ্রামে ফের হাজির হন দাদপুরের বিডিও'র নেতৃত্বে পুলিশ ও প্রশাসনিক আধিকারিকরা।কিন্তু পূর্বে পাট্টা পাওয়া জমি রক্ষা করতে কৃষক সভা ও ক্ষেতমজুর ইউনিয়নের নেতৃত্বকে সঙ্গে নিয়ে লাল ঝান্ডা হাতে প্রশাসনের পথ আটকায় পাট্টা প্রাপকরা,চলে দীর্ঘক্ষণ ধরে অবস্থান বিক্ষোভ।পাট্টা প্রাপকদের দাবি, হাইকোর্টের এই রায়ের বিরুদ্ধে তারাও হাইকোর্টে আপিল করেছেন।তাদেরকে কয়েকদিন সময় দেওয়া হোক।পাট্টাদারদের দাবি মেনে প্রশাসনের পক্ষ থেকে তাদেরকে আরও কয়েকদিন সময় দেওয়া হয় বলে জানা গেছে।সকাল থেকে দীর্ঘক্ষণ টানাপোড়েনের পর বেলা বারোটার পর ঘটনাস্থল থেকে ফিরে যান পুলিশ ও প্রশাসনের আধিকারিকরা।পূর্বে পাট্টা পাওয়া জমি নিজেদের দখলে রাখতে এই রায়ের বিরুদ্ধে হাইকোর্ট থেকে স্টে অর্ডার পান কিনা পাট্টা প্রাপকরা, সেটাই এখন দেখার।


# AFFIDAVIT

I, Lila Roy W/O - Madhu Roy residing at Vill+P.O - Siptai, P.S - Jamalpur–Dist - Purba Bardhaman,do hereby declare vide affidavit no. 15406 dated 02/05/2025 at the court of Executive Magistrate at sadar,Purba Bardhaman as follows -

1.That previously I was known as Nilima Roy W/O - Madhu Roy Which had been recorded in my voter card being no.WB/39/274/330631.

2.That I have changed my name from Nilima Roy to Lila Roy which has been recorded in my Aadhar card being no.554885637301 and new voter card being no.SQT2346450 and PAN CARD being no.CUQPR5060K.

3.That Lila Roy W/O Madhu Roy and Nilima Roy WO Madhu Roy both are same lady i.e.myself.

KHABOR SOJASUJI
RNI.NO.WBBEN/2023/87806

# দারিদ্র্যতার সঙ্গে লড়াই করে প্রতিনিয়ত নতুন করে বাঁচার স্বপ্ন দেখে ছোট্ট মেয়ে মর্জিনা !



নিজস্ব সংবাদদাতা - যে বয়সে হাতে বই-খাতা থাকা উচিত,সে বয়সে হাঁড়ি বাসন ধোয়া,রান্না করা, কাপড় কাচা আর অসুস্থ বাবার দায়িত্ব কাঁধে নিয়ে প্রতিদিন নতুন করে বাঁচার চেষ্টা করে ছোট্ট মেয়ে মর্জিনা। দক্ষিণ দিনাজপুর জেলার কুমারগঞ্জ ব্লকের মোহনা পঞ্চায়েতের গয়েশপুর গ্রামে জন্ম নেওয়া মর্জিনার জীবন যেন একটি মর্মান্তিক বাস্তবতার কাহিনি। বর্তমানে মর্জিনা গোপালগঞ্জ রঘুনাথ উচ্চ বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ছাত্রী। তার এক সমবয়সী ভাই স্থানীয় একটি মাদ্রাসায় পড়াশোনা করে।তবে মর্জিনার পরিবারের পরিস্থিতি যে কোনও সাধারণ পরিবারের চেয়ে অনেক বেশি জটিল।বাবা মকসেদুল মন্ডোল প্যারালাইসিসে আক্রান্ত,সম্পূর্ণ শয্যাশায়ী না হলেও কাজকর্মে পুরোপুরি অক্ষম।মা মানসিক ভারসাম্যহীন এবং বেশিরভাগ সময়ই বাড়ির বাইরে বাইরে ঘুরে বেড়ান।সংসারে নেই কোনো স্থায়ী উপার্জনের উৎস।কোনোরকমে ভিক্ষা করে আর স্থানীয় কিছু মানুষের দয়া-সহানুভূতির ওপর নির্ভর করেই চলছে তিনজনের জীবন। তাদের বাসস্থানটি এতটাই জরাজীর্ণ ও অব্যবস্থাপূর্ণ যে সেটিকে বাসযোগ্য বলা কঠিন।বৃষ্টির দিনে ছাদ চুইয়ে পড়ে জল, বাড়ির আনাচে-কানাচে মাঝেমধ্যে দেখা যায় বিষধর সাপ।নেই কোন বিদ্যুৎ সংযোগ।শুধু তাই নয়,বাড়ির এমন অবস্থা যে,কোনও গুরুত্বপূর্ণ কাগজপত্র রাখারও কোনও সুরক্ষিত জায়গা নেই। সবকিছু যেন এক অনিশ্চয়তা ও শঙ্কার মাঝে ডুবে থাকা জীবন। এই অবস্থাতেই মর্জিনার প্রতিদিন শুরু হয়,সকালে রান্না করে বাবাকে স্নান করিয়ে খাইয়ে সেবা যত্ন করে এবং ঘরের কাজ শেষ করে সে স্কুলে যায়। মর্জিনা পড়াশোনায় হয়তো খুব উজ্জ্বল নয়,কিন্তু তার আগ্রহ ও নিষ্ঠা প্রশ্নাতীত। স্কুলের শিক্ষকরা জানান, ক্ষ্ণওর মতো মেয়ে আজকের দিনে দুর্লভ।এত কষ্টের মধ্যেও পড়াশোনার প্রতি ওর টান আমাদের অভিভূত করে।ও যদি একটু সহায়তা পায়,ভবিষ্যতে অনেক কিছু করতে পারে।ক্ষ্ণগ্রামের কিছু সহৃদয় মানুষ মাঝে মাঝে খাবার,পুরনো জামাকাপড় বা কিছু অর্থ দিয়ে সহায়তা করেন। কিন্তু তা স্থায়ী নয়। মর্জিনার মতো শিশুরা সরকারি সাহায্য,সমাজের সচেতন শ্রেণির সহানুভূতি ও সংহতির অপেক্ষায় দিন গোনে।স্কুলে যাওয়া থেকে শুরু করে জীবন ধারণের ন্যূনতম চাহিদা,সবই এখানে সংগ্রামের সমার্থক।এই পরিবারটির কথা জানার পর স্থানীয় প্রশাসনের দৃষ্টি আকর্ষণ হওয়া জরুরি।সরকারি সামাজিক সুরক্ষা প্রকল্প যেমন 'আবাস যোজনা', 'প্রতিবন্ধী ভাতা' 'অন্ত্যোদয় অন্ন যোজনা' ইত্যাদি প্রকল্পের আওতায় এনে মর্জিনাদের জীবন কিছুটা হলেও সহজ করা সম্ভব। মর্জিনার জীবন একটি প্রশ্নচিহ্ন হয়ে দাঁড়িয়ে আছে সমাজের সামনে ! একটি শিশু কতটা দুঃখ সহ্য করে বড় হতে পারে ? সেই প্রশ্নের জবাব আমাদেরই দিতে হবে,আজ না হোক কাল।কারণ, এই শিশুটির স্বপ্ন হারিয়ে গেলে শুধু একটিই জীবন নয়,হেরে যাবে একটি সম্ভাব্য ভবিষ্যৎ,হেরে যাবে সমাজ।এই বিষয়ে মোহনা পঞ্চায়েতের প্রধান সুনীল সরকারকে প্রশ্ন করলে,তিনি জানান,মকসেদুল তার সাহায্যের বিষয়ে কোন আবেদন জানাননি।তবে এক গ্রামবাসী জানান, মকসেদুল মন্ডোল বহুবার সেখানকার বিধায়ক তরাপ হোসেন মন্ডোলকে জানিয়েছেন,কিন্তু কোনো লাভ হয়নি।

# মাধ্যমিকে ৬৭২ নম্বর পেয়ে তাক লাগালো মুরালিগঞ্জ উচ্চ বিদ্যালয়ের ছাত্র তশরিফ রাজা

নিজস্ব সংবাদদাতা - মাধ্যমিক পরীক্ষায় মুরালিগঞ্জ উচ্চ বিদ্যালয়ে সর্বোচ্চ নম্বর পেয়ে তাক লাগিয়ে দিল হাপ্টিয়া গোছ গ্রাম পঞ্চায়েতের ভূসপিটা এলাকার হিরমনগোছ গ্রামের দিনমজুরের ছেলে তশরিফ রাজা।তার প্রাপ্ত নম্বর ৭০০-এর মধ্যে ৬৭২। তার এই অসাধারণ সাফল্যে উচ্ছ্বসিত স্কুল কর্তৃপক্ষ থেকে শুরু করে পরিবার ও স্থানীয় বাসিন্দারা।তশরিফ রাজা জানায়, ''নিয়মিত পড়াশোনা ও শিক্ষকদের সহায়তাই আমার সফলতার মূল চাবিকাঠি। ভবিষ্যতে আমি একজন চিকিৎসক হতে চাই।চিকিৎসক হয়ে বাবা-মায়ের স্বপ্ন পূরণের পাশাপাশি এলাকার দুস্থদের চিকিৎসা করার সুযোগ পাওয়ার ইচ্ছা রয়েছে আমার।'' তার সাফল্যে মুরালিগঞ্জ হাই স্কুলের প্রধান শিক্ষক শামসুল আলমের যথেষ্ট অবদান রয়েছে বলে জানায় তশরিফ।তার বাবা সমির উদ্দিন জানান, ''আমি একজন খেটে খাওয়া মানুষ। অন্যের বাড়িতে কাজ করে ছেলেকে পড়াশোনা করাই অনেক কষ্টে। আজ ছেলে এত সুন্দর রেজাল্ট করবে তা আমি ভাবতেও পারিনি।'' তিনি আরো জানান ''ছেলের এই সাফল্যে আমরা গর্বিত, তবে ও বরাবরই পড়াশোনার প্রতি একাগ্র ছিল।'' স্কুলের প্রধান শিক্ষক সামসুল আলম বলেন, ''তশরিফ রাজা আমাদের বিদ্যালয়ের গর্ব। ওর মতো ছাত্র সকলের অনুপ্রেরণা। তশরিফ রাজার স্বপ্ন পূরণ হোক এই আমাদের আশা।'' পাশাপাশি হাই স্কুলের প্রধান শিক্ষক শামসুল আলম তশরিফ রাজার আর্থিক অনটনের জন্য পাঁচ হাজার টাকা আর্থিক সহযোগিতা করেন স্কুলের এক বিশেষ ফান্ড থেকে। তশরিফ রাজার এই কৃতিত্বে মুখ উজ্জ্বল হয়েছে দার্জিলিং জেলার। জেলা জুড়ে তার এই অর্জন প্রশংসিত হচ্ছে। তিনি আরো জানান,বিদ্যালয় থেকে মোট ১৫১ জন পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছিলে। পাস করেছে ১৪৮ জন। সার্বিকভাবে বিদ্যালয় জুড়েই ভালো ফল হয়েছে।

# স্ত্রীকে খুনের অভিযোগ স্বামীর বিরুদ্ধে !

নিজস্ব সংবাদদাতা - ঘুমন্ত অবস্থায় স্ত্রীকে শ্বাসরোধ করে খুন করার অভিযোগ উঠলো স্বামীর বিরুদ্ধে। মঙ্গলবার সাতসকালে এই ঘটনায় চাঞ্চল্য ছড়ায় মালদহের চাঁচল থানার ভাকরি গ্রাম পঞ্চায়েতের রামপুর এলাকায়।পুলিস সূত্রে জানা গিয়েছে, মৃতার নাম নাজেদা পারভিন(২৮)। তাদের দুটি সন্তান রয়েছে।দেহটি ময়নাতদন্তের জন্য মালদহ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠিয়েছে পুলিশ। এই ঘটনায় তার স্বামী নাওয়াজ শরীফকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করেছে পুলিশ।মৃতার বাপের বাড়ির অভিযোগ,তাদের মেয়েকে খুন করেছে জামাই।যদিও দুপুর পর্যন্ত অভিযোগ জমা পড়েনি থানায়।অভিযোগ,এদিন সকালে বিছানায় দেহ দেখতে পান তার সন্তানেরা। শুরু হয় হইচই।প্রতিবেশীরা ছুটে গেলে দেহটি দেখতে পায়।মৃতার বাপের বাড়ির দাবি,জামাইকে দুই কাঠা জমি দিয়ে ঘর তৈরি করে দেওয়া হয়েছিল।একাধিকবার আর্থিক সহায়তা করা হত জামাইকে।কি কারণে খুন করা হল,তা নিয়ে ধন্দে পুলিশও।মৃতার বাবা নুরুল ইসলাম বলেন,জামাইয়ের শাস্তির দাবিতে থানায় অভিযোগ করব।পুলিশের এক আধিকারিক বলেন, মৃতার স্বামীকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু হয়েছে।

## এক নজরে

(প্রথম পাতার পর)

কুঁজোর আবার চিৎ হয়ে শোয়ার শখ !

- অপারেশন সিঁদুরেও শিক্ষা নেয়নি পাকিস্তান।জঙ্গি ঘাঁটি ধ্বংসের পরেই ভারতে সেনা ঘাঁটিতে হামলার ব্যর্থ চেষ্টা পাকিস্তানের।ভারতের সেনা বাহিনীর প্রত্যাঘাতে কুপোকাত পাকিস্তান।
- যুদ্ধবিরতিতে রাজি হল ভারত ও পাকিস্তান।
- ২ জুন থেকে খুলছে স্কুল।
- উচ্চমাধ্যমিক পরীক্ষায় রাজ্যে নবম স্থান অধিকার করে জেলার মুখ উজ্জ্বল করল রামপুরহাটের ছাত্র নাজফার রহমান। তাঁর প্রাপ্ত নম্বর ৪৮৯।নাজফারের বাড়ি রামপুরহাট এক নম্বর ব্লকের কুসুম্বা পঞ্চায়েতের শান্তিপাড়ায়।নাজফার রামপুরহাট শহরের ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান 'জিতেন্দ্রলাল বিদ্যাভবন'-এর ছাত্র।তারএই অসামান্য সাফল্যে আনন্দে ভাসছে রামপুরহাট শহর।
- আর্থিক প্রতিবন্ধকতাকে হার মানিয়ে এবারে উচ্চমাধ্যমিক পরীক্ষায় রাজ্যে দ্বিতীয় স্থান অধিকার করল বক্সিরহাট হাই স্কুলের ছাত্র তুষার দেবনাথ।তার প্রাপ্ত নম্বর ৪৯৬। তুষার তুফানগঞ্জ ২ নং ব্লকের ভানুকুমারী ১ গ্রাম পঞ্চায়েতের লিচুতলার বাসিন্দা।তার বাবা পেশায় সবজি ব্যবসায়ী।তার এই সাফল্যে খুশির হাওয়া বইছে গোটা গ্রাম এবং তার স্কুলে।
- হুগলির বেগমপুর মনসাতলা এলাকায় অভিযান চালিয়ে ৫৫০ কেজি নিষিদ্ধ বাজি ও বাজি তৈরির সরঞ্জাম বাজেয়াপ্ত করল চন্ডীতলা থানার পুলিশ।
- ভাস্তাড়া যজ্ঞেশ্বর উচ্চ বিদ্যালয়ে উচ্চ মাধ্যমিকে সর্বোচ্চ নম্বর প্রাপক অর্ক রায়,প্রাপ্ত নম্বর - ৪৭৫
- শিপতাই মহুলা সতীরঞ্জন বিদ্যামন্দিরে উচ্চ মাধ্যমিকে সর্বোচ্চ নম্বর প্রাপক অঙ্কিতা দাস,প্রাপ্ত নম্বর - ৪৫১,দ্বিতীয় সুমনা দে,প্রাপ্ত নম্বর - ৪৩৫,তৃতীয় রেশমিনা খাতুন, প্রাপ্ত নম্বর - ৪৩১
- গুড়াপ রমনীকান্ত ইনস্টিটিউশনে উচ্চ মাধ্যমিকে প্রথম সাকির মল্লিক, প্রাপ্ত নম্বর - ৪৭৫

# ভাড়ায় ট্রাক্টর নিয়ে চিটিং করে বিক্রি করে দেওয়ার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতার করল পুলিশ



নিজস্ব সংবাদদাতা - এলাকার ট্রাকটর ভাড়ায় নিয়ে সেই ট্রাক্টরের কাগজপত্র নিজের নামে করিয়ে বিক্রি করার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতার করল আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেট জামুরিয়া থানার অন্তর্গত চুরুলিয়া ফাঁড়ির পুলিশ।জামুরিয়ার বারুল গ্রামের বাসিন্দা আশিস কুমার মন্ডলের কাছ থেকে জামুরিয়ার থানার শ্রীপুর ফাঁড়ির সুমিত কুমার নামে এক ব্যক্তি মাসিক ১২০০০ টাকা চুক্তি হিসাবে ভাড়ায় ট্রাক্টর নিয়ে যায়। দু'তিন মাস সুমিত কুমার আশিস কুমার মন্ডলকে মাসিক ১২০০০ টাকা করে দেয় বলে জানা গেছে।তারপর বিভিন্ন অজুহাত দেখিয়ে ধীরে ধীরে সুমিত কুমার তার ফোন বন্ধ করে দেয়।

চিন্তিত অবস্থায় বারুল গ্রামের বাসিন্দা আশীষ কুমার মন্ডল জামুরিয়া থানায় সুমিত কুমারের নামে অভিযোগ দায়ের করেন।অভিযোগের ভিত্তিতে জামুরিয়া থানার পুলিশ তদন্ত শুরু করে শ্রীপুর এলাকা থেকে সুমিত কুমারকে গ্রেপ্তার করে।

চলতি মাসের ৮ তারিখ জামুরিয়া থানার পুলিশ সুমিত কুমারকে আদালতে পেশ করলে বিচারক চার দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দেন।চারদিন পুলিশি হেফাজতে থাকার পর সুমিত কুমারের কাছ থেকে ট্রাক্টর উদ্ধার করে জামুরিয়া থানার পুলিশ।জামুরিয়া থানায় ১১ তারিখ এক সাংবাদিক সম্মেলনে করে ডিসি সেন্ট্রাল ধ্রুবদাস বিষয়টি বিস্তারিত জানান।এই সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন ডিসি সেন্ট্রাল ধ্রুবদাস, এসিপি সেন্ট্রাল ২ বিমান কুমার মির্ধা, সার্কেল ইন্সপেক্টর সুশান্ত চ্যাটার্জি , জামুরিয়া থানার ভারপ্রাপ্ত আধিকারিক সৌমেন্দ্রনাথ সিংহ ঠাকুর, চুরুলিয়া ফাঁড়ির ভারপ্রাপ্ত আধিকারিক সুশোভন ব্যানার্জি, শ্রীপুর ফাঁড়ির ভারপ্রাপ্ত আধিকারিক মেহেরাজ আনসারী, জামুরিয়া থানার এসআই সুভাষ বন্দ্যোপাধ্যায়, পুরুলিয়া ফাঁড়ির এসআই শিব শংকর বাউরি সহ অন্যান্য পুলিশ আধিকারিক।




Owner, Publisher & Printer- Israil Mallick , Published from- Vill- Mathurapur, P.O.- Shiptai, P.S. Jamalpur, Dist- Purba Bardhaman Pin- 712308, State-West Bengal
Printed at- Two Star Offset Press, 27 No. Laskardighi West (Near Rongtuli Goli), Burdwan, Pin- 713101
Editor- ISRAIL MALLICK, Mobile - 9434566498, E-mail -khaborsojasuji@gmail.com